*পবিত্র ইঞ্জিল শরিফ ১২ নম্বর ছিপারা*

# আল-কলোছিয়া

## পরিচিতি

পবিত্র আছমানি কিতাবর অউ আল-কলোছিয়া ছিপারা, আল্লা পাকর হুকুমে হজরত ইছা আল-মসীর সাহাবি হজরত পাউলুছে (রা:) লেখছইন। হজরত ইছায় বেহেস্তো তশরিফ নেওয়ার অনুমান ২৭ বছর বাদে ইখান লেখা অইছে।

হজরত পাউলুছ নিজে কুনু সময় অউ কলোছি টাউনো গেছইন না, অইলে আল্লার কালাম হুনিয়া অউ টাউনর বউত মানষে হজরত ইছার তরিকা কবুল করছইন। অউ খবর হুনিয়া তান মনো খুব খুশি আছিল। এরমাজে তাইন খবর পাইলা, কলোছি টাউনর কুনু কুনু উস্তাদে হজরত ইছার নামে ভুল তালিম তবলিগ করলা, তারা আসল তালিমর লগে তারার মনগড়া কিছু মতবাদ, রীতি-রেওয়াজও হিকাইরা, এরলাগি হজরত পাউলুছে মনো খুব কষ্ট পাইয়া চিঠির নমুনায় অউ ছহিফা লেখলা।

তাইন জানাইলা, গুনা থাকি নাজাত পাওয়ার লাগি হউ উস্তাদ অকলর হিকাইল তালিমর কুনু জরুর নায়। তারা হিকাইতা, ফিরিস্তা অকলর নামে এবাদত করা, মসলমানি কাম করানি, নানান নমুনার হারাম-হালাল খানির কথা। এরদায় লেখকে জানাইলা, গুনা থাকি নাজাত পাওয়ার লাগি ইতা উস্তাদর তালিমর কুনু জরুর নায়। তাইন কলোছিয়ার মুমিন অকলরে বউত উৎসাহ যুগাইছইন, হজরত ইছার উপরে ইমানে মজবুত অওয়ার লাগি।

**এরমাজে আছে:**

(ক) হজরত পাউলুছর ছালাম, শুকরিয়া, মুনাজাত ........১:১-১৪ আয়াত
(খ) আল্লার মর্জি-মুনশায় আল-মসীর কাম ....................১:১৫-২:১৯
(গ) আল-মসীর মাজদিয়াউ আখেরি জিন্দেগি ................. ২:২০–৪:৬
(ঘ) আখেরি মুনাজাত আর ছালাম .................................. ৪:৭-১৮

### হজরত পাউলুছর ছালাম, শুকরিয়া আর মুনাজাত

১ ১-২ আমি পাউলুছ, আল্লা পাকর মর্জিয়ে হজরত ইছা আল-মসীর একজন সাহাবি। কলোছি টাউনর মাজে আল-মসীর তরিকার পাক বন্দা আর মুমিন অকলর গেছে আমি আর ভাই তিমথিয়ে অউ ছহিফা খান লেখরাম। আমরার গাইবি বাফ আল্লা পাকে তুমরার উপরে রহমত আর শান্তি নাজিল করউক্কা।

৩-৪ হজরত ইছা আল-মসীর উপরে তুমরার ইমান আর আল্লার পাক বন্দা অকলরে মায়া করার কথা আমরা হুনছি। এরলাগি যেবলাউ তুমরার লাগি দোয়া করি, অউ সময় আমরার মালিক ইছা আল-মসীর গাইবি বাফ আল্লা পাকর শুকরিয়া আদায় করি। ৫ তুমরা আগে যে খুশ-খবরি মানি আল্লার হক কালাম পাইছো, অউ কালাম হুনিয়াউ তুমরার মনো এক আশা জন্মিছে। অউ আশা থাকিউ তুমরার ইমান আর মায়া পয়দা অইছে। আর তুমরা আশা কররায় যে ছামান পাইতায়, ইতা তো বেহেস্তো রাখা আছে। ৬ ই খুশ-খবরি দুনিয়ার হকল বায় ছিতরিয়া ভালা ফলআলা অইয়া দিন দিন বাড়ের। যে দিন থনে তুমরা অউ খুশ-খবরি আর আল্লার রহমতর বেয়াপারে পুরাপুর হুনছো, অউ দিন থনেউ ইতায় তুমরার ভিতরেও পুরাপুর কাম করের। ৭ অউ খুশ-খবরির কথা তুমরা আমার লগর মায়ার ভাই আবু-ফারাছর গেছে হুনছো। তাইন তুমরার তরফ থাকি আল-মসীর একজন হক খেজমতকারি। ৮ পাক রুহর বলে তুমরার দিলর মাজে যে মায়া পয়দা অইছে, অউ বেয়াপারে আবু-ফারাছে আমরারে জানাইছইন।

৯ এরলাগি তুমরার বেয়াপারে হুনার বাদ থাকিউ আমরা হামেশা তুমরার লাগি দোয়া করি। রুহানি ইলিম আর বুদ্ধি দিয়া তুমরা যানু আল্লার মুনশা পুরাপুর বুজতায় পারো। ১০ আমরা আল্লার দরবারো অউ দোয়াউ কররাম, তুমরা যাতে হকল বেয়াপারে আল-মসীর মর্জি যুগাইয়া চলো আর তান উপযুক্ত উম্মতর লাখান জিন্দেগি কাটাও। হক কাম করি করি ফলবান অও, আর আল্লা পাকরে আরো ভালা করি চিনো। ১১ আল্লায় তান মহা কুদরতি বলে হকল নমুনার বল দিয়া তুমরারে বলবান করউক্কা। বালা-মছিবতো পড়লেও খুশি-বাসি রইয়া ছবর করার তৌফিক দেউক্কা।

১২ আর হকল সময় বেহেস্তি বাফ আল্লা পাকর শুকরিয়া জানাও। আল্লার
পাক বন্দা অকলে নুরর বাদশাইত যে অধিকার পাইবা, ইতার ভাগি অওয়ার
লাগি তো তাইনউ তুমরারে উপযুক্ত বানাইছইন। ১৩ তাইনউ আমরারে
আন্দাইরর বাদশাই থাকি উদ্ধার করিয়া, তান খাছ মায়ার জনর বাদশাইত
আনছইন। ১৪ অউ মায়ার জনর উপরে ইমান আনায় আমরা রেহাই পাইছি,
মানি গুনা থাকি মাফি পাইছি।

*আল-মসীউ হক্কলতার পরধান*

১৫ অউ মায়ার জনউ অইলা, বাতুনি আল্লার জাহিরি ছুরত; হক্কলতা
পয়দা করার আগে তাইন আছলা, আর পয়দা অওয়া হক্কলতার মাজে
তাইনউ পরধান। ১৬ আছমান-জমিনর মাজে দেখা আর আ-দেখা যততা
আছে, ইতা বাদশাই অউক বা বাহাদুরি, শাসন কিবা খেমতা অউক,
হক্কলতাউ তান আতর পয়দা। ইতা তো খালি তান লাগিউ পয়দা করা
অইছে। ১৭ হক্কলতার পয়লা তাইন আছলা আর তান মাজদিয়াউ হকলতা
টিকিয়া আছে। ১৮ তাইনউ তান শরিলর মাথা, মানি জমাতর মাথা। তাইনউ
হক্কলতার পয়লা, আর তাইনউ পয়লা মুর্দা থাকি জিন্দা অইছইন, যাতে
হকল বেয়াপারে তাইনউ পরধান অইতা পারইন। ১৯ আল্লায় চাইলা, তান
আল্লাই গুনর হক্কলতা যানু আল-মসীর মাজে থাকে। ২০ আর দুনিয়াত বা
বেহেস্তো যেনোউ অয় না কেনে, অউ আল-মসীর মাজদিয়া যানু হক্কলতার
লগে তান মিলন অয়। তাইন চাইলা, সলিবর উপরে আল-মসীর কুরবানির
লউর বদলা শান্তি কাইমর মাজদি অউ মিলন অউক।

২১ তুমরা তো এক সময় আল্লার গেছ থাকি দুরই আছলায়, আর তান
বেয়াপারে তুমরার দিলো দুশমনি ভাব আছিল। ইতা তুমরার বদ কামর
মাজদি জাইর অইছে। ২২ অইলে আল-মসীর জান কুরবানির মাজদি আল্লায়
তুমরারেও তান লগে মিলন ঘটাইছইন, যাতে তুমরারে পাক-পবিত্র, নিখুত
আর নি-অপরাধি হালতে তান ছামনে আজির করতা পারইন। ২৩ তে আল-
মসীর বেয়াপারে খুশ-খবরি থাকি যে নিচ্চিত আশা তুমরা পাইছো, খালি
অউ আশার উপরে ইমানে থির রইও, ইন থাকি লড়িও না। তুমরা তো
জানো, ই খুশ-খবরি হারা দুনিয়াত তবলিগ করা অইছে, আমি পাউলুছও
অউ খুশ-খবরি তবলিগর খাদিম অইছি।

### জমাতর লাগি হজরত পাউলুছর কাম

২৪ তুমরার লাগি আমি দুখ-মছিবত সইয্য করায় খুব আনন্দ
পাইরাম। জানো তো, আল-মসীর শরিল মানি জমাতর লাগি তান যে
দুখ-মছিবত অখনও বাকি আছে, ইতা অখন আমার শরিল দিয়া পুরা
করিয়ার। ২৫ আল্লা পাকে তান পবিত্র কালাম তুমরার গেছে পুরাপুর
তবলিগ করার ভার আমারে দিছইন, গতিকেউ আমি জমাতর একজন
খেজমতকারি অইছি। ২৬ আল্লার কালামর যে বাতুনি বেয়াপার আগর
জমানার মানষর গেছে যুগ যুগ ধরি লুকাইল আছিল, ইতা অখন তান
পাক বন্দা অকলর গেছে জাইর করা অইছে। ২৭ আল্লায় চাইছইন, ভিন
জাতি অকলর গেছেও তান বাতুনি মুনশার গৌরব যে কিতা, ইতা যেনু
তান হকল বন্দা অকলে জানতা পারইন। আসলে আল-মসী তুমরার
দিলো আছইন, গতিকে তুমরা গৌরব পাওয়ার আশা পাইছো। ২৮ আর
অউ আল-মসীর বেয়াপারে আমরা তবলিগ করিয়ার, আল্লার দেওয়া
আখল-হেকমত দিয়া মানষরে হুশিয়ার করিয়ার আর তালিম দিয়ার
যাতে আল-মসীর তরিকাত পুরাপুর কামিল হালতে তারারে আল্লার
দরবারো আজির করতাম পারি। ২৯ অউ নিয়তে আল্লার যে কুদরতি
বল আমার মাজে কাম করের, অউ কুদরতি বলেউ আমি দিলে-জানে
মেনত করিয়ার।

২ আমি তুমরারে জানাইতাম চাইরাম, আমি তো তুমরার লাগি,
লাওদিকেয়া টাউনর জমাতর লাগি, আর যেরা আমারে দেখছে
না তারার লাগিও কতো মেনত কররাম। ২ আমি চাইরাম, তারার দিলো
ভরসা পাইয়া মহব্বতে এক অউক। আর পুরাপুর আখলে আখলদার
বনিয়া নিচ্চিত অউক। তেউ আল্লার লুকাইল বাতুনি ভেদ বুজবো, মানি
আল-মসীরে তারা চিনবো। ৩ আল-মসীর মাজেউ হকল আখল-হেকমত
লুকাইল আছে। ৪ আমি ইতা কইলাম, যাতে কেউ বানোয়াট মাত-কথা
মাতিয়া তুমরারে বে-পথে নিতো না পারে। ৫ আমি স-শরিলে তুমরার
মাজে না থাকলেও রুহর বলে ঠিকউ তুমরার মাজে আজির আছি। তুমরার
ভালা চাল-চলন আর আল-মসীর উপরে মজবুত ইমান দেখিয়া আমার
খুব ভালা লাগের।

*আল-মসীর মাজেউ আসল জিন্দেগি*

৬ ইছা আল-মসীরে তুমরা মালিক হিসাবে যেলা কবুল করছো, অউ লাখান তান লগে রইয়া জিন্দেগিও কাটাও। ৭ আল-মসীর মাজে ষোলআনা ডুব দিয়া তুমরার জিন্দেগিরে গড়িয়া তুলো। তুমরা তালিম পাইয়া যে ইমান আনছো, অউ ইমানে মজবুত রও আর হামেশা আল্লা পাকর শুকরিয়া আদায় করো।

৮ তুমরা হুশিয়ার রইও, কেউ যানু তুমরারে মানষর বানাইল মনগড়া তালিমদি বান্দিয়া বে-পথে টানিয়া নিতো না পারে। আল-মসীর লগে ই তালিমর কুনু মিল নাই, ইতা তো মানষর মনগড়া রছুমত আর দুনিয়াবি নানান আচার-বেবহারর উপরে ভরসা করে। ৯ আল্লার হক্কল লাখান গুনাগুন আল-মসীর কায়ার ভিতরে আছে। ১০ এরলাগি আল-মসীর লগে শরিক অইয়া তুমরাও হকল গুনে কামিল অইছো, তান আসন তো হকল নমুনার শাসনকারি আর খেমতা আলা হক্কলতার উপরে।

১১ আল-মসীর উপরে ইমান আনায় তো তুমরারে মছলমানি কাম করাইল অইছে। অউ মছলমানি কুনু মানষর আতে করাইল অইছে না, আল-মসীয়ে নিজেউ ইতা করছইন, মানি দিলর মাজে যে বদ খাইশ আছিল, অউ বদ খাইশরে দিল থাকি কাটিয়া ফালাইছইন। ১২ তৌবার গোছলর মাজদি আল-মসীর লগে তুমরারেও মাটি দেওয়া অইছিল, আর যেইন আল-মসীরে মুর্দা থাকি জিন্দা করছইন, হউ আল্লার কুদরতি বলে ইমানর মাজদি তুমরারেও আল-মসীর লগে জিন্দা করা অইছে। ১৩ তুমরার গুনা আর দিলর বদ খাইশ না হরানিয়ে মুর্দা আছলায়, অইলে আল্লায় তুমরারে আল-মসীর লগে জিন্দা করছইন। তাইন আমরার হকল গুনার মাফি দিছইন। ১৪ আর আমরার বদ আমল-নমার যে দলিল আছিল, অউ দলিলরে হকল জাতর দাবি-দাওয়া সুদ্দা ফুছিয়া ফালাইছইন। লাখড়িদি বানাইল যে সলিবো ইছারে কাতল করা অইছে, অউ সলিবো ই দলিলরে পেরেগ মারিয়া বাতিল করছইন। ১৫ আল-মসীয়ে বদ শাসনকারি আর খেমতাআলা হক্কলর খেমতারে বিনাশ করছইন। সলিবো তান নিজর জান কুরবানির মাজদি তারার উপরে জয়ী অইছইন আর হকলর ছামনে তারার মুখ নিচা করছইন।

### *নকল তালিমর বেয়াপারে হুশিয়ারি*

১৬ এরলাগিউ শিন্নি-সখাত, পুজা-ফসাদ অমাবইস্যা-পুন্নিমা, ইদ বা জুম্মাবারর নিয়ম-কানুন লইয়া তুমরারে দুষি করার এখতিয়ার কেউরর নাই। ১৭ ইতা তো আছিল, ভবিষ্যতে যেতা আইবো অতার একটা নমুনা মাত্র, অইলে আসলতা তো আল-মসীর মাজেউ আছে।
১৮ যেরা নিজর শরিলরে কষ্ট দেওয়া আর ফিরিস্তা অকলর এবাদত করারে জরুরি মনো করে, এরা যানু তুমরারে পুরুস্কারর পথ থাকি হরাইতো না পারে। অউ নমুনার মানষে যেতা দেখছে কইয়া খামোখা বড়াই-বেটাগিরি করে, আর অতা লইয়া বড় বড় গফ মারে, আসলে এরার অন্তর তো খালি দুনিয়াবি চিন্তায় ভরা। ১৯ তারা তো মাথারে, মানি ইছা আল-মসীরে মজবুত করি ধরিয়া রাখে না, অউ মাথার খেমতায় আস্তা শরিলর আড্ডি-মাংস বল-শক্তি পাইয়া এখানো রয়, আর আল্লাই বলে বাড়ে।

২০ আল-মসীর লগে মারা গিয়া তুমরা যেবলা দুনিয়াবি হকল চাল-চলন থাকি হরিয়া আইছো, তে হিরবার কেনে দুনিয়াবি মানষর লাখান দুনিয়াবি নিয়ম-নীতির গুলাম অইরায়? ২১-২২ হুনো, যে জিনিস বেবহার করতে করতে বরবাদ অইযায়, অউ জিনিসর বেয়াপারে অলা নিয়ম আছে, ইতা ধরিও না, ছইও না, খাইও না। ইতা তো খালি মানষর মনগড়া হুকুম আর তালিম। ২৩ কেমনে এবাদত করা, নিজরে নিচা করা, কেমনে নিজর শরিলরে কষ্ট দেওয়া, অউ নিয়ম-নীতিয়ে অতা হিকায়। ই নিয়ম-নীতি দেখলে মনো অয়, ইতা খুব আখলর কাম, অইলে দিলর বদ খাইশরে দমন করার লাগি ইতার কুনু দামউ নাই।

### *আল-মসীর উম্মতর নয়া জিন্দেগি*

৩ হুনো, তুমরা তো আল-মসীর লগে মরা থাকি জিন্দা অইছো, আর আল-মসী তো বেহেস্তো আল্লার ডাইনর তখতো বওয়াত আছইন, এরলাগি তুমরাও অউলা বেহেস্তি বেয়াপার লইয়া আশিক অও। ২ দুনিয়াবি বেয়াপারে আশিক না বনিয়া, বেহেস্তি বেয়াপারে আশিক অও। ৩ তুমরা তো

মারা গেছো, তুমরার জিন্দেগি আল-মসীর লগে আল্লার দরবারো লুকাইল
আছে। ৪ যেইন তুমরার জিন্দেগি, হউ আল-মসী যেবলা হকলর ছামনে
জাইর অইবা, অউ সময় তুমরাও তান মহিমার ভাগি অইয়া তান লগে
জাইর অইবায়।

৫ এরলাগি গুনার যেতা রিপু অকল তুমরার জিন্দেগিত আছে,
ইতারে একদম বিনাশ করিলাও। ইতা অইলো হক্কল নমুনার জিনা,
নাপাকি, বদ খাইশ, কু-চিন্তা, আর লোভ-লালছ, ই লোভ-লালছ
অইলো এক লাখান মুর্তিপুজা। ৬ যারা আল্লার নাফরমানি করে, অতার
কারনেউ তারার উপরে আল্লার গজব লামিয়া আয়। ৭ তুমরাও আগে
অউ লাখান নাফরমানির মাজে জিন্দেগি কাটাইতায়। ৮ অইলে অখন
রাগ-গুছা, ভিতরি দুশমনি, ইংসা-নিন্দা, গালা-গালি আর খবিছি মাত-
কথা তুমরার গেছ থাকি হরাইলাও। ৯ একে-অইন্যে মিছা মাতিও না,
কারন তুমরার জিন্দেগির পুরান "আমি"রে তার হকল আমল সুদ্দা পুরান
কাপড়র লাখান ফালাই দিছো, ১০ আর আল্লার দেওয়া নয়া "আমি"রে
নয়া কাপড়র লাখান ফিন্দিছো। অউ নয়া "আমি" আরো নয়া অইয়া তার
পয়দাকররা মালিকর লাখান বনের, যাতে অউ পয়দা কররারে তুমরা
পুরাপুর চিনো। ১১ অউ হালতে ইহুদি কিবা ভিন জাতি, মছলমানি কাম
করাইল বা না করাইল, অশিক্ষিত বর্বর, নিচা জাতি, গুলাম বা আজাদ
মানষর মাজে কুনু তফাত নাই। ইতা হকলতার মাজে আল-মসীউ পরধান,
হকলর মাজেউ তাইন আছইন।

১২ তে আল্লায় যারারে পছন্দ করিয়া তান নিজর লাগি আলগ
করছইন, তান হউ মায়ার বন্দা হিসাবে তুমরার দিলর মায়া-মমতা,
দয়া, নরম বেবহার, নরম স্বভাব আর ছবর দিয়া নিজরে হাজাও।
১৩ একে-অইন্যরে সইয্য করো, কেউরর বিরুদ্ধে তুমরার কুনু নালিশ
থাকলে তারে মাফ করি দেও। মালিকে যেলা তুমরারে মাফ করছইন,
তুমরাও অউলা একে-অইন্যে মাফ করা জরুর। ১৪ আর ইতা হক্কলতার
লগে মায়া-মহব্বতদি নিজরে হাজাও। মহব্বতে তো হকলরে পুরাপুর
একলগে বান্দিয়া রাখে। ১৫ আল-মসীয়ে যে শান্তি দান করইন, অউ
শান্তি তুমরার দিলো রইয়া তুমরারে চালাউক। এক শরিল অইয়া
শান্তির মাজে রইতায় করিউ তো তুমরারে দাওত দেওয়া অইছে।
তুমরা শুকুর-গুজার করাত রও। ১৬ আল-মসীর কালামরে তুমরার

দিলর মাজে পুরাপুর বসত করতে দেও। আল্লার দেওয়া আখল খাটাইয়া একে-অইন্যরে তালিম আর পরামিশ দেও। আল্লার শুকরিয়া আদায় করার মাজদি তান নামে হামদ, কাওয়ালি আর জবুর শরিফর গজল গাও। ১৭ তুমরা মুখদি যেতা মাতো আর শরিল দিয়া যততা করো, ইতা হজরত ইছার নামে করো, তান উছিলা লইয়া গাইবি বাফ আল্লা পাকর শুকরিয়া জানাও।

*পরিবারর লাগি পরামিশ*

১৮ তুমরা যেরা বউ অইছো, তুমরা পরতেকে যারযির জামাইর হুকুম মানিয়া চলো, মালিকর বন্দা হিসাবে তো অলা চলা জরুর। ১৯ তুমরা যেরা জামাই অইছো, তুমরাও যারযির বউরে মহব্বত করিও, বউর লগে কটু বেবহার করিও না।

২০ তুমরা যেরা পুয়া-পুড়ি, তুমরা হকল বেয়াপারে মা-বাফর বাইধ্য রইও, ইলা চললে মালিক খুশি অইন। ২১ আর তুমরা যেরা বাফ অইছো, তুমরা নিজর পুয়া-পুড়িন্তর মনরে তিত্বা করিও না, যাতে তারার মন না ভাংগে।

২২ তুমরা যেরা গুলাম, তুমরা হকল বেয়াপারে তুমরার জগতর মুনিব অকলর বাইধ্য রইও। তারা ছামনে রইয়া যেবলা তুমরার কাম-কাজ দেখইন, খালি অউ সময় তারারে খুশি রাখার চেষ্টা না করিয়া, বরং মালিকর ডর-খফ ভিতরে রাখিয়া খাটি দিলে তারার বাইধ্য রইও। ২৩ তুমরা যেতাউ করো না কেনে, ইতা মানষর লাগি নায়, বরং মালিকরে খুশি করার নিয়তে দিলে-জানে করিও। ২৪ মনো রাখিও, মালিকে তান বন্দা অকলর লাগি যেতা রাখছইন, ইতা তো পুরুস্কার হিসাবে তান গেছ থাকিউ তুমরা পাইবায়। তুমরা তো খালি হজরত ইছা আল-মসীর খেজমত কররায়। ২৫ আর যে জনে নাফরমানি করে, হে তো তার কামর ফল পাইবো। মনো রাখিও, মালিকে কেউরর মুখ চাইয়া বিচার করইন না।

৪ তুমরা যেরা মুনিব, তুমরার গুলাম অকলর লগে ন্যায় আর হক ইনছাফ করিও। মনো রাখিও, বেহেস্তর মাজে তুমরারও একজন মুনিব আছইন।

### *আখেরি পরামিশ*

২ তুমরা মন দিয়া শুকরিয়া আদায় করিয়া দোয়া করাত রইও।
৩ আমরার লাগিও দোয়া করিও, যাতে আল্লায় আমরারে আল-মসীর
বেয়াপারে বাতুনি হক কালাম তবলিগ করার তৌফিক দেইন। অউ বাতুনি
হক কালামর লাগিউ তো আমারে বন্দি করা অইছে। ৪ দোয়া করিও,
মানষরে যেলা পরিস্কার করি বুজানি জরুর, আমি যানু ঠিক অউলা বুজাইতাম
পারি। ৫ আল-মসীর তরিকার বাইরর মানষর লগে আখল খাটাইয়া চলিও,
আর তবলিগ করার হক্কল সুযোগ কামো লাগাইও। ৬ তুমরার মুখর জবান
হামেশা মিঠা আর রসাইল অউক, যাতে কারে কিলা জুয়াপ দিতায়, ইতা
তুমরা বুজো।

### *আখেরি মুনাজাত আর ছালাম*

৭ আমরার মায়ার ভাই, বিশ্বাসি খাদিম আর মালিকর খেজমতো
আমরার লগর তবলিগকারি তুখিক ভাইয়ে, আমার বিস্তারিত খবরা-খবর
তুমরারে জানাইবা। ৮ তান মারফতে আমরার হাল-হকিকত জানবায়, তাইন
তুমরারে সাওস দিবা। এরলাগি আমি তানরে তুমরার গেছে পাঠাইলাম।
৯ তুখিকর লগে আমরার মায়ার ইমানদার ভাই অনিছিমরেও পাঠাইলাম।
এইন তো তুমরারউ একজন। তারা ইনর হকল খবর-আন্তর তুমরারে
জানাইবা।

১০ আমার লগর বন্দি ভাই আরিস্তাকুছ আর বার্নাবাছর কুটুম মার্কুছেও
তুমরারে ছালাম দিছইন। অউ মার্কুছর বেয়াপারে তুমরা তো আগ থাকিউ
খবর পাইছো, তাইন যুদি তুমরার গেছে যাইন, তে খুশি মনে তানরে
কবুল করিও। ১১ আর ইছা উরফে ইউছতুছেও তুমরারে ছালাম দিছইন।
আল্লার বাদশাইর লাগি ইহুদি অকলর মাজে খালি অউ তিন জনেউ আমার
লগে কাম করইন, তারা আমারে বউত সাওস দিছইন। ১২ আবু-ফারাছেও
তুমরারে ছালাম দিছইন, তাইন তো তুমরার আপন মানুষ আর ইছা আল-
মসীর গুলাম। এইন হামেশা তুমরার লাগি দিলে-জানে মুনাজাত কররা,
তুমরা যাতে কামিল অও, আর আল্লার মর্জি-মুনশা বুজিয়া মজবুত অইয়া

উবাও। ১৩ তান বেয়াপারে আমি অউ সাক্ষি দিতাম পারি, তুমরার লাগি
আর লাওদিকেয়া, হিয়রাপলি টাউনর মানষর লাগিও আবু-ফারাছে খুব
মেনত করইন। ১৪ আমরার মায়ার কবিরাজ লুক আর ভাই দিমাছেও
তুমরারে ছালাম দিছইন।

১৫ লাওদিকেয়ার ইমানদার ভাই অকলরে, আর নিমুফা আর
তান বাড়ির জমাতর হকলর গেছেও ছালাম জানাইও। ১৬ তুমরা অউ
চিঠিখান পড়িয়া হারলে লাওদিকেয়ার জমাতর মানষরে পড়ার লাগি
দিও আর লাওদিকেয়া জমাতরে দুছরা যে চিঠি দেওয়া অইছে, অউ
চিঠিও তুমরা পড়িও। ১৭ আর্খিপাছরে অখান কইও, "মালিকর খেজমতো
তুমারে যে কাম দেওয়া অইছে, অউ কাম শেষ করার নিয়তে মন
দিয়া কাম করো।"

১৮ আমি পাউলুছে নিজর আতে অউ ছালামর কথা লেখলাম। মনো
রাখিও, আমি জেলো বন্দি আছি। আল্লায় তুমরা হকলর উপরে রহমত
নাজিল করউক্কা। আমিন॥

---